

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

ডিসেম্বর ১৮, ২০১৩

তারিখ :-----

পৌষ ০৮, ১৪২০

বিআরপিডি সার্কুলার নং-১৪

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ।

প্রিয় মহোদয়,

এসএমই খাতে ঋণ প্রবাহ অব্যাহত রাখা প্রসংগে ।

দেশে বিরাজমান অস্থিতিশীল পরিস্থিতির কারণে ব্যবসা-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডে বিরূপ প্রভাব পড়ছে। এতে স্বাভাবিক ব্যবসায়িক কর্মকাণ্ড ব্যাহত হচ্ছে। বিশেষতঃ ক্ষুদ্র ও মাঝারী শিল্প বেশী ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং সক্ষমতা হারাচ্ছে। ফলে এসএমই খাতে প্রদত্ত ঋণগুলো ক্রমশঃগতে খেলাপী ঋণে পরিণত হওয়ার আশংকা দেখা দিয়েছে।

আর্থিক খাত উন্নয়নে এসএমই খাতের গুরুত্বপূর্ণ অবদান বিবেচনায় এ খাতের ক্ষতিগ্রস্ত ঋণগ্রাহীদের ঋণ প্রবাহ অব্যাহত রাখা প্রয়োজন। এ প্রেক্ষিতে, এসএমই খাতে প্রদত্ত ঋণ পুনঃতফসিলের ক্ষেত্রে ডাউন পেমেন্ট গ্রহণের বিষয়টি ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে বিবেচনা করা, অশ্রেণীকৃত ঋণ (স্ট্যান্ডার্ড ও এসএমএ) পুনর্গঠনের মেয়াদকাল ঘোষিক পর্যায়ে নির্ধারণ, প্রয়োজনে ঋণ ব্লক হিসাবে স্থানান্তর এবং সুদ হার নির্ধারণে নমনীয় দৃষ্টিভঙ্গি প্রদর্শন করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে। এ সুবিধা জুন ৩০, ২০১৪ পর্যন্ত বলবৎ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০০৯৮